# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

*India's National Spiritual Newspaper* ₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor : Rev.Dr.Anjan Kumar Singh

Vol. XXIII YEAR OF OUR LORD JESUS CHRIST, FEBRUARY 2022 No. 12


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন
প্রভুর প্রশংসা হোক
গীত ২০:১-৯

১। সদাপ্রভু সঙ্কটের দিনে তোমাকে উত্তর দেবেন; যাকোবের ঈশ্বরের নাম তোমাকে রক্ষা করবেন।

২। তিনি পবিত্রস্থান থেকে তোমাকে সাহায্য করবেন, আর সিয়োন থেকে তোমাকে শক্তি যোগাবেন।

৩। তিনি তোমার সকল বলি স্মরণে রাখবেন ও তোমার হোমবলি গ্রহণ করবেন।

৪। তিনি তোমার হৃদয়ের সকল অভিলাষ পূর্ণ করিবেন, এবং তোমার সকল পরিকল্পনা সার্থক করবেন।

৫। তোমার জয়ে আমরা আনন্দগান করব আর আমাদের ঈশ্বরের নামে আমরা বিজয় পতাকা উড়াব। সদাপ্রভু তোমার সকল নিবেদন মঞ্জুর করবেন।

৬। এখন আমি জানি: যে, সদাপ্রভু তাঁর অভিষিক্ত ব্যক্তিকে বিজয় প্রদান করেন। তিনি আপন ডান হাতের বিজয়ী শক্তিতে স্বর্গীয় পবিত্রস্থান থেকে তাকে উত্তর দেন।

৭। কেউ রথে এবং কেউ ঘোড়ায় আস্থা রাখে, কিন্তু আমরা সদাপ্রভু আমাদের ঈশ্বরের নামে আস্থা রাখি।

৮। তাদের নতজানু করা হবে ও পতন ঘটবে; কিন্তু আমরা উঠে দাঁড়াব ও দৃঢ়ভাবে দাঁড়াব।

৯। হে সদাপ্রভু, রাজাকে বিজয় প্রদান করো! যখন আমরা সাহায্যের জন্য আর্তনাদ করি, আমাদের উত্তর দিও!

# যীশু খ্রীষ্টের বংশ তালিকা কেন কেবল অব্রাহাম এবং দাউদের অগ্রবর্তী?

(Why the genealogy of Jesus Christ Precedes Abraham and David only ?)

*ব্রাদার এম. পলরাজ*

মথি ১:১ পদে লেখা আছে: প্রভু যীশু খ্রীষ্টের বংশতালিকা, তিনি ছিলেন দাউদের বংশধর ও অব্রাহামের বংশধর: যীশু খ্রীষ্টের বংশতালিকায় অব্রাহাম থেকে শুরু করে যোষেফ পর্য্যন্ত ৪২টি প্রজন্ম অন্তর্ভুক্ত করা হয়েছে। সুতরাং এই ৪২টি প্রজন্মের মধ্যে, ঈশ্বর কেবল তিনটি প্রজন্মকে মনোনীত করেছিলেন, অব্রাহাম, দাউদ, এবং যীশু খ্রীষ্ট। সুতরাং, এটি একটি অনুজ্ঞাসূচক বিষয় যে উপরোক্ত তিনটি নামের সুদূর প্রসারী গুরুত্ব আছে! এখন আমরা অব্রাহাম, দাউদ এবং যীশু খ্রীষ্টের মহান নামগুলির বিষয় বিস্তারিতভাবে আলোচনা করবো।

## অব্রাহাম

তেরহের পুত্র অব্রাহাম কলদীয় দেশের মেসোপটেমিয়ার বাসিন্দা ছিলেন। সমগ্র দেশ প্রতিমা পূজকে পরিপূর্ণ ছিল। তথাপি সদাপ্রভু ধার্মিক অব্রামকে মনোনীত করে প্রসন্ন হয়েছিলেন এবং তাঁকে দূর দেশে যাওয়ার জন্য আহ্বান করেছিলেন। সদাপ্রভু তাঁকে মহান ব্যক্তিতে পরিণত করার এবং তাঁর মাধ্যমে পৃথিবীর সমস্ত পরিবারগুলিকে আশীর্বাদ করার প্রতিজ্ঞা করেছিলেন (আদি ১২:১-৩;প্রেরিত ৭:২-৪)। আহ্বানটি অব্রামের জন্য হলেও, তাঁর পিতা এটি গ্রহণ করেছিলেন এবং অব্রামকে, তাঁর স্ত্রী সারীকে এবং তাঁর নাতি লোটকে পরিচালিত করেছিলেন এবং কনান যাওয়ার পথে কলদীয় ঊর নামক স্থানে বেশ কিছু সময় অবস্থান করেছিলেন। তারা হারোণে ৩০ থেকে ৪০ বছরের মতো বাস করেছিলেন এবং ধন সম্পদ আহরণ করেছিলেন। তেরহের মৃত্যুর পর, আবার অব্রামের কাছে আহ্বান এসেছিল (আদি ১২:১-৩)। তখনও অব্রাম লোট এবং তাঁর স্ত্রীকে সঙ্গে নিয়েছিলেন! এটি ঈশ্বর কর্তৃক প্রদত্ত আহ্বানের প্রতি বিচ্যুতি ছিল। ঈশ্বর অব্রামের বিষয়ে সন্তুষ্ট ছিলেন না। ঈশ্বর এমন একটি পরিবারকে আশীর্বাদ করতে পারেন না যদি সেই পরিবারটি অন্যদের সঙ্গে মিশে যায়। এখানেই ফোকাসটি সরে যাবে। এটি পরিবার অথবা ব্যবসা যে কোনও ক্ষেত্রেই হতে পারে। তথাপি ঈশ্বর অব্রামের সঙ্গে ছিলেন। পরিবারটি কনান দেশে প্রবেশ করেছিল এবং শিখিমে বসবাস করেছিল। তারপর তিনি বেথেলে চলে এসেছিলেন এবং সেখানে শিবির স্থাপন করেছিলেন। ঈশ্বর অব্রামের কাছে আবির্ভূত হয়েছিলেন এবং বলেছিলেন যে তিনি তাঁর বংশধরদের কনানীয়দের দেশটি দেবেন (আদি ১২:৭)।

গবাদি পশুপাল এবং স্বর্ণ ও রৌপ্যে অব্রাম ধনবান ছিলেন। অনেক দিন গত হয়েছিল, অব্রাম এবং লোট বিপুল সংখ্যক পশুধনে আশীর্বাদ যুক্ত হয়েছিলেন এবং তাদের রাখালদের মধ্যে প্রায়ই বিবাদ

(ক্রমশঃ ৩ পৃষ্ঠায়)

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



## from your dearly beloved brother...

**"আমি আমার নির্বাসিত প্রজা ইস্রায়েলকে আবার ফিরিয়ে আনব (আমোষ ৯:১৪)**



### আমাদের মিশনের নীতি

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

প্রভুতে প্রিয় ভাই এবং বোনেরা,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশুর নাম মহিমান্বিত হোক। এই মাসিক পত্রিকা, তাঁর আহ্বানের প্রতিধ্বনির মাধ্যমে তাঁর নামে আপনাদের শুভেচ্ছা জানিয়ে আমরা আনন্দিত।

২০২১ এর ডিসেম্বর মাসে এবং ২০২২ এর জানুয়ারী মাসে ঈশ্বর আমাদের সমস্ত কার্যকলাপগুলিকে আশীর্বাদ করেছিলেন। সাণ্ডেস্কুল শিশুদের পরিচর্যা, নহিমিয় বাইবেল কলেজের হিন্দী ভাষায় অনলাইন পাঠক্রমসহ আমাদের বড়দিন এবং নতুন বছরের সভাগুলি অপূর্ব হয়েছিল।

আমাদের প্রভু আমাদের হিন্দি অনলাইন পাঠক্রমকে আশীর্বাদ করছেন যা ২০২২ সালের ৩রা জানুয়ারী শুরু হয়েছিল। অনেক শিক্ষার্থীরা যোগদান করেছে এবং এই অনলাইন পাঠক্রমটি উত্তর ভারতের হিন্দি ভাষায় কথা বলা সেই সমস্ত শিক্ষার্থীদের উপকারের জন্য পরিচালনা করা হচ্ছে যারা নিয়মিত পাঠক্রমের মাধ্যমে অধ্যয়ন করতে অক্ষম।

আমাদের সাণ্ডেস্কুল পরিচর্যা কাজ পরিচালনা করার জন্য ঈশ্বর আমাদের নেতাদের একটি দল দিয়েছেন। নীচে দলটির ছবি দেওয়া হয়েছে। অনুগ্রহ করে আপনাদের প্রার্থনায় তাদের তুলে ধরুন।



আমরা বিশেষ করে নহিমিয় বাইবেল কলেজের চেয়ারম্যান, প্রিয় পাস্টর এম. মুথু এবং আমাদের আহ্বানের প্রতিধ্বনির সহযোগী সম্পাদক ব্রাদার এম. পলরাজের জন্য প্রার্থনা করি, ঈশ্বর যেন তাদের বিশেষভাবে স্পর্শ করেন এবং দ্রুত আরোগ্য করেন। তারা আমাদের বিভিন্ন কার্যকলাপের স্তম্ভ।

আমরা আপনাদের জন্য প্রার্থনা করি এবং প্রত্যাশা করি আপনার জীবনে যেন মহান বিষয়গুলি ঘটে। ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন।

যীশু খ্রীষ্টে আপনাদের ভাই,

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেকস স্যামসন স্যাম।**

(+91) 98412 71858 / 98410 71858 E.mail : samselvaraj333@gmail.com

**CHIEF EDITOR**
Angeline Selvakumari Henry, M.A., M.Ed.

**MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**ADMINISTRATION**
Bro. N. Prakasam, M.A., General Manager

**EDITORIAL BOARD**
Sis. Jesy Veena Sam
Bro. M. Paulraj, M.A., B.Ed.
Sis. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.

**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 95661 31858

**E.mail ID**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ◘ BIBLECOR - Postal Courses (3 languages) ◘ Online Courses ◘ Theological Correspondence Courses (2 languages) ◘ Church Planting ◘ Nehemiah Bible Colleges ◘ Gospel Printing Press ◘ Great Commission Partners ◘ St. Paul's Matriculation School ◘ Crusades ◘ Community Development

(ক্রমশঃ ১ম পৃষ্ঠার পর থেকে)

লেগে থাকছিল। সুতরাং, তারা শান্তিতে পৃথক হওয়ার বিষয় সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন। লোট সদোম এবং ঘমোরার উর্বর ভূমি মনোনীত করেছিলেন, যা ছিল যর্দ্দন সমভূমির অন্তর্ভূক্ত।

সদোম এবং ঘমোরার বিরুদ্ধে পাঁচজন রাজা এসেছিল এবং তারা লোট, তাঁর স্ত্রী এবং তাদের যাবতীয় বিষয় সম্পত্তিসহ সমস্ত কিছু লুণ্ঠন করেছিল। অব্রাম যখন এই বিষয়টি শুনেছিলেন যে লোটকেও বন্দী করা হয়েছে, তিনি তাঁর প্রশিক্ষিত ৩১৮ জন পরিচারককে সঙ্গে নিয়েছিলেন এবং দান অবধি তাদের পশ্চাদ্ধাবন করেছিলেন অব্রাম এবং তাঁর সৈন্যবাহিনী রাতের অন্ধকারে সেখানে গিয়েছিলেন এবং তাদেরকে আক্রমণ করেছিলেন এবং দম্মেশক অবধি তাদের পশ্চাতে গিয়েছিলেন এবং তাঁর লোকদের এবং স্ত্রীলোকদের এবং সমস্ত বিষয় সম্পদ সহ লোটকে ফিরিয়ে এনেছিলেন।

ফেরার পথে, মল্কীষেদক, সালেমের রাজা এবং মহাযাজকের পালক অব্রামের জন্য রুটী এনেছিলেন এবং তাঁকে আশীর্বাদ করেছিলেন। অব্রাম সমস্ত কিছুর দশমাংশ তাঁকে দিয়েছিলেন (আদি ১৪:১৬-২০)।

## এই মল্কীষেদক কে ছিলেন?

মল্কীষেদক সালেমের রাজা ছিলেন এবং তিনি পরাৎপরের পুত্র ছিলেন। অব্রাম তাঁকে সমস্ত দ্রব্যের দশমাংশ দিয়েছিলেন। তাঁর নাম ধার্মিকতার রাজা হিসাবেও অনুবাদ করা হয় এবং সালেমের রাজা হিসাবেও অভিহিত করা হয়,যার অর্থ হচ্ছে শান্তির রাজা। তাঁর পিতা, মাতা, বংশাবলি কিছুই নেই অথবা তাঁর জীবনের কোনও শুরু বা শেষ নেই,কিন্তু তাঁকে ঈশ্বরের পুত্র হিসাবে তৈরী করা হয়েছিল। তিনি সর্বদাই যাজক ছিলেন। অতএব তিনি ঈশ্বর কর্তৃক নির্মিত ধার্মিকতার রাজা এবং শান্তির রাজা। এছাড়াও, তিনি ঈশ্বর কর্তৃক মনোনীত মহান ব্যক্তি অব্রামকে আশীর্বাদ করার জন্য ঈশ্বর কর্তৃক নির্মিত সত্তা ছিলেন। যদিও অন্য দুজন দাউদ এবং যীশু খ্রীষ্ট মল্কীষেদক কতৃর্ক আশীর্বাদ সম্ভবত না পেলেও, তাঁরা অনুপম যোগ্যতা অনুসারে রাজা এবং যাজকের দুটি কার্যই সম্পাদন করেছিলেন।

## রাজাগণ এবং যাজকগণ

ঈশ্বরের রাজ্যে, প্রভু যীশু আমাদের ঈশ্বরের এবং পিতার রাজা এবং যাজক তৈরী করবেন (প্রকাশিত বাক্য ৬)। আমরা কি দারুণ সুযোগ পাবো?

দাউদ রাজা এবং যাজক উভয় দায়িত্ব সম্পাদন করেছিলেন। রাজা হিসাবে তিনি সদাপ্রভুর নিয়মসিন্দুক জেরুশালেমে এনেছিলেন। সেই সময় যাজকেরা যখন তাদের কাঁধে এটি বহন করছিলেন তখন তিনি নিয়ম সিন্দুকের সামনে নৃত্য করেছিলেন। রাজা দাউদ তাঁর রাজকীয় বস্ত্র পরিত্যাগ করেছিলেন এবং মসীনা বস্ত্রের এফোদ পরিধান করেছিলেন, এইভাবে তিনি সদাপ্রভুর সামনে নিজেকে নত করেছিলেন। তিনি হোমবলি এবং শান্তির নৈবেদ্য উৎসর্গ করেছিলেন। তারপর তিনি তাঁর নির্মিত সমাগম তাম্বুর মধ্যে নিয়মসিন্দুকটি রেখেছিলেন (২ শমূয়েল ৬:১৩-১৫)। দাউদ রাজা এবং যাজকের দায়িত্ব সম্পাদন করলেও, তাঁর দেশ কখনও শান্তি উপভোগ করেনি কারণ সব সময় তাঁকে যুদ্ধে লিপ্ত হয়ে থাকতে হয়েছিল। বাস্তবিক, সদাপ্রভু কখনও তাঁকে একটি মন্দির নির্মাণ করার অনুমতি দেননি যেহেতু তাঁর হস্ত যুদ্ধে রক্তে পরিপূর্ণ ছিল।

## প্রভু যীশু খ্রীষ্ট

সখরিয় ৯:৯ পদে, আমরা যীশুকে রাজা হিসাবে দেখতে পাই এবং ইব্রীয় ৭:১৬,১৭ পদে, আমরা যীশুকে মহাযাজক হিসাবে দেখতে পাই। সহস্র বছরে তিনি এই রাজা এবং মহাযাজক, উভয় পদই ছেড়ে দেবেন। দাউদ রাজা ভবিষ্যৎ বাণী করে বলেছিলেন, "মল্কীষেদকের রীতি অনুযায়ী, তুমি চিরকালীন যাজক" (গীত ১১০:৪)।

## নতুন নিয়ম প্রবর্তন

অব্রামের যখন ৯৯ বছর বয়েস, প্রভু তাঁর কাছে আবির্ভূত হয়েছিলেন এবং বলেছিলেন, "আমি সর্বশক্তিমান ঈশ্বর; আমার সম্মুখে চলো এবং নির্দোষ হও"। এটি প্রকৃত পক্ষে অব্রামের প্রতি একটি সতর্কতা ছিল, যিনি তাঁর প্রতিজ্ঞাত পুত্রের জন্য প্রতীক্ষার সময় ঈশ্বরের বাধ্য ছিলেন না। অব্রামের মধ্যে নিম্নলিখিত অবহেলাগুলি ছিল। সেই কারণে প্রতিজ্ঞাটি বিলম্বিত হয়েছিল।

১) যখন কনান দেশে দুর্ভিক্ষ আঘাত করেছিল, তখন অব্রাম সারী এবং লোটকে নিয়ে মিশরে গিয়েছিলেন। সেখানে তিনি তাঁর স্ত্রীকে বলেছিলেন তাঁকে তাঁর দাদা বলে ডাকতে কারণ তিনি ভয় পেয়েছিলেন যে মিশরীয়রা তাঁর স্ত্রীকে হরণ করতে পারে যেহেতু সারা দেখতে খুব সুন্দরী ছিলেন। সারাকে দেখে ফরৌণের লোকেরা তাঁকে ফরৌণের কাছে নিয়ে গিয়েছিল। তিনি কিছু সময়ের জন্য রাজপ্রাসাদে ছিলেন। অব্রামকে ফরৌণ অত্যন্ত যত্ন করেছিলেন এবং তাঁকে অনেক পশুপাল এবং ক্রীতদাস এবং দাসীদের দিয়েছিলেন। দাসীদের


## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us.

| | | |
|---|---|---|
| **Account Name** | : | **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : | **1023 2923 805** |
| **Bank Name** | : | **STATE BANK OF INDIA** |
| **Branch** | : | **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : | **SBIN 0000249** |
| **SWIFT Code** | : | **SBI NIN BB 455** |

মধ্যে একজন ছিলেন হাগার। সদাপ্রভু ফরৌণকে আঘাত করেছিলেন। ফরৌণ তাঁর পাপ বুঝতে পেরেছিলেন এবং অব্রাম এবং তাঁর লোকদের দেশের বাইরে পাঠিয়ে দিয়েছিলেন। তিনি সারীকে ফিরিয়ে দিয়েছিলেন। এখানে, অব্রাম মিশর ত্যাগ করার আগে ঈশ্বরের সঙ্গে পরামর্শ করেননি।

২) তারপর সদাপ্রভু অব্রামের কাছে এসেছিলেন এবং বলেছিলেন যে তিনি তাঁকে আশীর্বাদ করবেন। এই কথা শুনে অব্রাম বলেছিলেন যে তাঁকে কোনও সন্তান দত্ত হয়নি এবং তাঁর ক্রীতদাস ইলিয়েষরই তাঁর উত্তরাধিকারী হবে! আর সদাপ্রভু বলেছিলেন, সে তার উত্তরাধিকারী হবে না কিন্তু যে ছেলে তোমার নিজের রক্তমাংস, সেই হবে তোমার উত্তরাধিকারী। তিনি অব্রামকে বাইরে নিয়ে গিয়ে আকাশের তারাগুলি দেখিয়ে বলেছিলেন যে আকাশের তারার মতো তোমার বংশ হবে (আদিপুস্তক ১৫:১-৫)।

৩) প্রতিজ্ঞাত পুত্রটি যেহেতু আসছিল না, সেহেতু দম্পতি অধৈর্য হয়ে পড়েছিল। সারী তার দাসী হাগারকে নিয়েছিলেন এবং অব্রামকে দিয়েছিলেন। অব্রাম প্রতিরোধ করেননি! তিনি হাগারের পরিচয় নিয়েছিলেন এবং ৮৬ বছর বয়েসে একটি পুত্র সন্তান, ইশ্মায়েলের জন্ম দিয়েছিলেন।

ঈশ্বর খুশি হননি। তিনি অব্রামের ৯৯ বছর বয়েস পর্যন্ত তাঁর সঙ্গে কোন কথা বলেননি। সেই দিনগুলিতে আরেকটি মেয়েকে বিবাহ করা পাপ ছিল না। কিন্তু এখানে প্রধান চরিত্র ছিলেন অব্রাম, যিনি একটি উচ্চীকৃত প্রদত্ত দায়িত্বভারের জন্য ঈশ্বর কর্তৃক মনোনীত ছিলেন। এখানে, অব্রাম ঈশ্বরের অবাধ্য হয়েছিলেন।

সুতরাং, ঈশ্বর চেয়েছিলেন অব্রাম তাঁর সামনে অনিন্দনীয়ভাবে চলাফেরা করুক। সদাপ্রভু একটি চুক্তির মধ্যে প্রবেশ করেছিলেন এবং তাঁর ও তাঁর বংশের সমস্ত পুত্র সন্তানদের জন্মগ্রহণের অষ্টম দিনে ত্বকচ্ছেদ করানোর বিষয় তিনি অব্রামকে আদেশ দিয়েছিলেন। লোকদের যন্ত্রণার মধ্যে দিয়ে এই নিয়মটি প্রবর্তিত হয়েছিল। চুক্তি বা নিয়ম অনুসারে, সদাপ্রভু তাঁর বংশকে বহুগুণ বৃদ্ধি করবেন। সদাপ্রভু অব্রামের নাম পরিবর্তন করে অব্রাহাম রেখেছিলেন কারণ তিনি অসংখ্য জাতির পিতা হয়েছিলেন। আর সারীর নাম পরিবর্তিত হয়ে সারা রাখা হয়েছিল যেহেতু তিনি সমগ্র জাতির এবং তাঁর মধ্যে থেকে আগত লোকদের মাতা হবেন (আদি ১৭:১-১৬)। সদাপ্রভুর প্রতিজ্ঞা অনুসারে, সারা এক পুরুষ সন্তানের জন্ম দিয়েছিলেন এবং তাঁর নাম রেখেছিলেন ইস্‌হাক। সেই সময়, অব্রাহামের বয়েস হয়েছিল ১০০ বছর এবং সারার বয়েস হয়েছিল ৯০ বছর! ঈশ্বরের পক্ষে কোনও কিছুই অসম্ভব নয়!

## বৃহত্তম পরীক্ষা

এখন সদাপ্রভু অব্রাহামকে পরীক্ষা করতে চেয়েছিলেন,"এখন তোমার পুত্রকে নাও, যাকে তুমি ভালোবাসো এবং মোরিয়া ভূমিতে যাও এবং সেখানে আমি তোমাকে যে পাহাড়ের কথা বলবো সেখানে তাকে হোমবলিরূপে উৎসর্গ করো।" এটি সম্ভবতঃ তাঁর মাথায় বজ্রপাতের মতো মনে হয়েছিল। কিন্তু তিনি নিশ্চিত ছিলেন যে যিনি তাঁকে পুত্র দিয়েছিলেন তিনি তাঁকে অসহায়ভাবে পরিত্যাগ করবেন না।

প্রত্যুষে অব্রাহাম তাঁর পুত্রকে এবং আগুন জ্বালানোর কাঠ নিয়ে যাত্রা শুরু করেছিলেন যাতে তাঁর পুত্রকে বলিরূপে উৎসর্গ করতে পারেন। পিতা এবং পুত্র পাহাড়ের চূড়ায় উঠেছিলেন, ইস্‌হাক তার পিতাকে জিজ্ঞাসা করেছিলেন, "হোমবলির জন্য মেষশাবক কোথায়?" অব্রাহাম বলেছিলেন, "বৎস, ঈশ্বর তাঁর হোমবলির জন্য মেষশাবক যোগাবেন।"

বেদি নির্মিত হয়েছিল, অব্রাহাম তাঁর পুত্রকে বেঁধেছিলেন এবং তাকে বেদির উপর শুইয়ে দিয়েছিলেন! অব্রাহাম হস্ত বিস্তার করেছিলেন এবং তাঁর পুত্রকে বলি দেবার জন্য ছুরি নিয়েছিলেন। ঈশ্বরের এক দূত তাঁকে ডেকেছিলেন এবং বলেছিলেন, " অব্রাহাম, অব্রাহাম, তোমার পুত্রকে আঘাত করো না এবং আমি জানি তুমি ঈশ্বরকে ভয় পাও সেই কারণে তুমি আমার থেকে তোমার একমাত্র পুত্রকে ধরে রাখোনি"। বাইবেল বলে, ঈশ্বর তাঁকে যে পুত্রকে দিয়েছিলেন তা যখন তিনি চেয়েছিলেন, তখন তিনি বিবেচনা করেছিলেন যে

*(ক্রমশঃ, ৬ পাতায়)*


নহিমিয় বাইবেল কলেজ

সান্ধ্যকালীন / আবাসিক কলেজ

চীপক এবং সন্তোষপুরম

মাধ্যম: তামিল / মাধ্যম: হিন্দী

Registered Candidate for Membership

Asia Theological Association (ATA)

৫৩ বছর যাবৎ আন্তর্জাতিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত

ঈশ্‌তত্ত্বে সার্টিফিকেট : এক বছর

ঈশ্‌তত্ত্বে ডিপ্লোমা : দুই বছর

শিক্ষগত যোগ্যতা: দশম শ্রেণী এবং তদুর্ধ

ভর্ত্তির জন্য সত্বর যোগাযোগ করুন!

Contact : The Chairman, Nehemiah Bible College.

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.

Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

⁎ ONLINE CLASSES ARE AVAILABLE ⁎

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে ফেব্রুয়ারী থেকে ১৮ই মার্চ, ২০২২)

**(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**

## প্রশংসার বিষয়সমূহ

**ফেব্রুয়ারী ১৯ :** মিশনমনস্ক সদস্যসহ আমাদের প্রধান মণ্ডলীকে আশীর্বাদ করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২০:** ১৯৬৯ সাল থেকে আমাদের পত্রিকা পরিষেবার প্রতি আমাদের অঙ্গীকার বদ্ধতার উপর প্রচুর আশীর্বাদের জন্য আমরা ঈশ্বরকে ধন্যবাদ দিই।

**দিন ২১:** ডাকযোগে আমাদের বাইবেলকোর পাঠক্রমে এবং ডাকযোগে ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রমে নতুন শিক্ষার্থীদের দেওয়ার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিই।

**দিন ২২:** তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারগুলির জন্য ঈশ্বরের প্রশংসা করি।

**দিন ২৩:** আমাদের **সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের** প্রিন্সিপাল, শিক্ষক এবং কর্মী সদস্যদের জন্য প্রভুর প্রশংসা করি।

**দিন ২৪:** আমাদের আর্থিক সাহায্য দানকারী অংশীদার, প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের জন্য ঈশ্বরের প্রশংসা করি।

**দিন ২৫:** আমাদের কর্মীদের উপর তাঁর অজস্র আশীর্বাদ বর্ষণের জন্য আমরা প্রভুর প্রশংসা করি।

**দিন ২৬:** সমস্ত মণ্ডলীর পালকদের জন্য এবং সদস্যদের জন্য ঈশ্বরের প্রশংসা করি।

**দিন ২৭:** ১৬টি ভাষায় সুসমাচার সাহিত্য প্রকাশ করতে আমাদের সুসমাচার প্রিন্টিং প্রেসকে আশীর্বাদ করার জন্য ঈশ্বরের প্রশংসা করি।

**দিন ২৮:** গত মাসে আমাদের সমস্ত প্রয়োজনগুলি পূরণ করার জন্য ঈশ্বরের প্রশংসা করি।

**মার্চ ০১:** আমাদের গসপেল প্রিন্টিং প্রেস এবং দক্ষ কর্মীদের দ্বারা এর অবিরত কাজের জন্য ঈশ্বরের প্রশংসা করি।

**দিন ০২:** আমাদের হিন্দী অনলাইন ঈশতাত্ত্বিক পাঠক্রমের উপর তাঁর আশীর্বাদের জন্য আমরা ঈশ্বরের প্রশংসা করি।

**দিন ০৩:** আমাদের সিনিয়ার পাস্টর এবং তাঁর পরিবারের সদস্যদের সমস্ত মন্দ শক্তির হাত থেকে রক্ষা করার জন্য আমরা ঈশ্বরের প্রশংসা করি।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪:** সমস্ত খ্রীষ্টিয় সংস্থাগুলির উপর আশীর্বাদ এবং সুরক্ষার জন্য প্রার্থনা করুন।

**দিন ৫:** পৃথিবীর সমস্ত দেশগুলির মধ্যে শান্তি এবং ঐক্যের জন্য প্রার্থনা করুন।

**দিন ৬:** আমাদের সমস্ত কর্মী সদস্যদের স্বাস্থ্যের জন্য প্রার্থনা করুন।

**দিন ৭:** ভারতের সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার সম্প্রসারিত করতে আমাদের সক্ষম করার জন্য প্রার্থনা করুন।

**দিন ৮:** আমাদের অংশীদারদের জন্য এবং রাজ্য সমন্বকারীদের জন্য প্রার্থনা করুন।

**দিন ৯:** আমাদের ইংরাজী সহযোগী সম্পাদক এম.পলরাজের দ্রুত আরোগ্যের জন্য প্রার্থনা করুন।

**দিন ১০:** আমাদের পরিচর্যার সমস্ত কার্যকলাপগুলির জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করুন।

**দিন ১১:** পৃথিবীর সমস্ত মহিলা এবং শিশুদের নিরাপত্তার জন্য প্রার্থনা করুন।

**দিন ১২:** এ মাসে আমাদের সমস্ত প্রয়োজনগুলি পূরণের জন্য প্রভুর কাছে প্রার্থনা করুন।

**দিন ১৩:** পৃথিবী থেকে করোনা ভাইরাসের সমূলে উৎপাটন করার জন্য প্রভুর দয়ার বিষয়ে প্রার্থনা করুন।

**দিন ১৪:** ২০২২ সালকে প্রচুররূপে করুণা করার জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করুন।

**দিন ১৫:** আমাদের দেশকে আশীর্বাদ করার জন্য এবং এর আর্থিক উন্নয়নের জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করুন।

**দিন১৬:** সারা পৃথিবীর লোকদের নিরাপত্তার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৭:** ওমিক্রম অতিমারীর হাত থেকে আমাদের সকলকে রক্ষা করার জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করুন।

**দিন ১৮:** প্রার্থনা করুন যাতে প্রভু আমাদের সিনিয়ার পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সদস্যদের সমস্ত রকমের মন্দ শক্তির হাত থেকে রক্ষা করেন।

*(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)*

ঈশ্বর তাকে এমনকি মৃত্যু থেকেও জীবিত করতে পারেন, তাই আলংকারিকভাবে বলা যেতে পারে, তিনি মৃত্যু থেকে ইস্‌হাককে ফিরে পেয়েছিলেন" (ইব্রীয় ১১:১৭-১৯)। অব্রাহাম ঈশ্বরকে বিশ্বাস করেছিলেন এবং এটি তাঁর ধার্মিকতারূপে গণ্য হয়েছিল" (গালাতীয় ৩:৬)। আর ঈশ্বর অব্রাহামকে সমস্ত বিশ্বাসীদের আদি পিতা করেছিলেন।

ঈশ্বর কর্তৃক সৃষ্ট মানুষ আদম তাঁর অবাধ্যতার কারণে ব্যর্থ হয়েছিলেন। নোহের প্রজন্ম এবং তাঁর বংশধরেরা ব্যর্থ হয়েছিলেন (নোহ ধার্মিক ছিলেন)। সুতরাং বংশ পরম্পরায় তাঁর সেবা করার জন্য কলদীয়দের মধ্যে থেকে তাঁর প্রতি নিবেদিত একটি বংশের জন্য একজন ধার্মিক ব্যক্তিকে মনোনীত করেছিলেন (গীত ২২:৩০)। সুতরাং অব্রাহামের জায়গায় দাউদ এবং যীশু খ্রীষ্ট এসেছিলেন! এক বিরাট মানুষ!

## রাজা শৌল

ইস্রায়েলের প্রজাদের রাজা ছিলেন ঈশ্বর এবং শমূয়েল ছিলেন শেষ বিচারক এবং ভাববাদী। ইস্রায়েলের প্রজারা শমূয়েলের কাছে এসেছিল এবং তাদেরকে পরিচালনার জন্য এবং অন্যদেশগুলির সঙ্গে তাদের দেশের হয়ে যুদ্ধগুলি করার জন্য একজন রাজা চেয়েছিল। শমূয়েল খুশী হননি। সদাপ্রভু শমূয়েলকে বলেছিলেন, " লোকেরা তোমায় যা যা বলছে তুমি তা শুনে নাও;তারা যে তোমায় প্রত্যাখ্যান করেছে তা নয়, কিন্তু তাদের রাজা রূপে তারা আমাকেই প্রত্যাখ্যান করেছে" (১ শমূয়েল ৮:৭)। সুতরাং,বেন্যামিন বংশীয় কীশের পুত্র শৌল ইস্রায়েলের রাজা হিসাবে মনোনীত হয়েছিলেন। সদাপ্রভু শমূয়েলের সঙ্গে কথা বলেছিলেন এবং মিশর থেকে কনানে ফিরে আসার সময় ইস্রায়েলীয়দের আক্রমণ করার জন্য প্রতিক্ষীত অমালেকীয়দের শাস্তি দেবার বিষয় শৌলকে বলতে বলেছিলেন। ঈশ্বর চেয়েছিলেন শৌল যেন তাদের সমস্ত কিছু ধ্বংস করে দেয় এবং কিছুই অবশিষ্ট না রাখে। শৌল এবং তাঁর সৈন্যবাহিনী অমালেকীয়দের আক্রমণ করেছিলেন এবং তাদের রাজা অগাগকে জীবিত আটক করেছিলেন এবং সমস্ত লোকদের বিনাশ করেছিলেন। তারা অগাগকে এবং তাঁর সব থেকে হৃষ্টপুষ্ট মেষদের, বলদদের,নাদুস-নুদুস পশুদের, এবং মেষশাবকদের বাঁচিয়ে রেখেছিলেন। তারা খারাপ এবং অকেজোদের ধ্বংস করেছিলেন।

শমূয়েলের কাছে সদাপ্রভুর বাক্য উপস্থিত হয়েছিল এবং সদাপ্রভু বলেছিলেন,"আমি শৌলকে রাজা করেছি বলে আমার আক্ষেপ হচ্ছে, কারণ সে আমার কাছ থেকে সরে গিয়েছে এবং আমার নির্দেশ পালন করেনি" (১ শমূয়েল ১৫:১১)। শৌল যখন শমূয়েলকে দেখেছিলেন, তিনি বলেছিলেন যে তিনি সদাপ্রভুর আদেশটি পরিপূর্ণ করেছিলেন। তখন শমূয়েল বলেছিলেন, "তবে আমার কানে কেন মেষের ডাক ভেসে আসছে? আমি কেন তবে গবাদি পশুর ডাক শুনতে পাচ্ছি? (১ শমূয়েল ১৫:১৪)"। শৌল তাঁকে বলেছিলেন যে তিনি সদাপ্রভুর কাছে তাদের বলিদান করার জন্য নিয়ে এসেছেন। কিন্তু শমূয়েল বলেছিলেন: "সদাপ্রভুর বাধ্য হলে তিনি যত খুশি হন, হোমবলি ও কোরবাণি পেয়ে তিনি কি তত খুশি হন? বলি দেওয়ার থেকে বাধ্য হওয়া ভালো, মদ্দা মেষের চর্বির থেকে কথা শোনা ভালো। কারণ বিরুদ্ধাচরণ হল ভবিষ্যৎ-কথনের মতো পাপ, এবং ঔদ্ধত্য হল প্রতিমাপূজার মতো পাপ। যেহেতু তুমি সদাপ্রভুর বাক্য অগ্রাহ্য করেছ, তাই তিনিও তোমায় রাজা রূপে অগ্রাহ্য করেছেন" (১ শমূ ১৫:২২,২৩)।

## দাউদ রাজারূপে অভিষিক্ত হয়েছিলেন

শমূয়েল শৌলের জন্য বিলাপ করেছিলেন। সদাপ্রভু শমূয়েলকে বলেছিলেন, "আর কত কাল তুমি শৌলের জন্য বিলাপ করবে?" তোমার শিঙায় তেল ভরে নাও ও বেরিয়ে পড়ো;আমি তোমাকে বেথলেহেমে বিন্যামিনীয় যিশয়ের কাছে পাঠাচ্ছি। আমি তার ছেলেদের মধ্যে একজনকে রাজা হওয়ার জন্য মনোনীত করেছি। যিশয়ের আটটি পুত্র ছিল এবং শেষের পুত্রটি ছিলেন দাউদ যিনি তাঁর পিতার পশুদের চরাতে মাঠে গিয়েছিলেন। শমূয়েল প্রথম সন্তান, ইলীয়াবকে পছন্দ করেছিলেন। কিন্তু সদাপ্রভু বলেছিলেন, "এর চেহারা বা উচ্চতা দেখতে যেয়ো না, কারণ আমি একে অগ্রাহ্য করেছি। মানুষ যা দেখে সদাপ্রভু তা দেখেন না। মানুষ বাইরের চেহারাই দেখে, কিন্তু সদাপ্রভু অন্তর দেখেন" (১ শমূয়েল ১৬:৭)। পরপর সাতটি পুত্রই এসেছিলেন, কিন্তু তাদের মধ্যে কেউই মনোনীত হননি। তারপর দাউদকে মাঠ থেকে ডেকে পাঠানো হয়েছিল। "সে ছিল সুস্বাস্থ্যের অধিকারী ও তার চোখ-দুটি ছিল সুন্দর এবং দেখতেও সে ছিল রূপবান। সদাপ্রভু বলেছিলেন, "ওঠো, ও একে অভিষিক্ত করো;এই সেই লোক!" শমূয়েল তাঁর ভাইদের মধ্যে দাউদকে অভিষিক্ত করেছিলেন; আর সেই দিন থেকেই সদাপ্রভুর আত্মা সপরাক্রমে দাউদের উপর নেমে এসেছিল। দাউদ ইস্রায়েলের রাজা হিসাবে অভিষিক্ত হলেও, শৌল তখনও রাজা ছিলেন।

## দাউদ গলিয়াৎকে হত্যা করেছিলেন

ঐ দিনগুলিতে পলেষ্টীয়রা ইস্রায়েলের বিরুদ্ধে যুদ্ধ করতে এসেছিল এবং তারা সোখো ও অসেকার মধ্যে শিবির স্থাপন করেছিল। ইস্রায়েল এলা উপত্যকায় তাদের বিরুদ্ধে শিবির স্থাপন করেছিল। দুটি শিবির যখন পরস্পরের সম্মুখীন হয়েছিল, তখন পলেষ্টীয়দের শিবিরের এক বীর পুরুষ গলিয়াত তাঁর সঙ্গে লড়াই করার জন্য ইস্রায়েলের শিবির থেকে একজনকে আহ্বান করেছিল, তার উচ্চতা ছিল ৯.৭৫ ফুট। সে তাদের শিবির থেকে বের হয়ে এসেছিল এবং ৪০ দিন, সকালে এবং সন্ধ্যায় লড়াইয়ে আহ্বান করছিল।

ইস্রায়েলের লোকেরা পলেষ্টীয় এই বীর পুরুষের সামনে কাউকে পাঠাতে পারছিল না এবং তারা ভীত হয়েছিল। ইস্রায়েলীয় শিবিরে যিশয়ের তিন পুত্রও ছিল। দাউদ সেখানে তার বাবার কাছ থেকে খাবার নিয়ে তার দাদার সঙ্গে সাক্ষাত করতে যেতেন। দাউদ পলেষ্টীয় লোকটিকে চ্যালেঞ্জ করতে এবং সদাপ্রভুর নামকে অপমান করতে দেখেছিলেন। শৌল ঘোষণা করেছিলেন যে যদি কেউ সেই পলেষ্টীয় বীরকে পরাজিত করতে পারে, তাহলে তিনি তাঁর কন্যার সঙ্গে তার বিবাহ দেবেন এবং অন্যান্য ধনসম্পদ দেবেন (১ শমূ ১৭:২৬)।

সেই পলেষ্টীয়কে চ্যালেঞ্জের বিষয়ে কথা বলার জন্য দাউদের দাদারা তাঁকে তিরস্কার করেছিলেন। কিন্তু দাউদ ক্ষান্ত হননি। দাউদ শৌলকে বলেছিলেন, "এই পলেষ্টীয়ের জন্য কাউকে মন খারাপ করতে হবে না;আপনার এই দাস তার সঙ্গে যুদ্ধ করবে" (১ শমূয়েল ১৭:৩২)। তিনি আরও বলেছিলেন, "আপনার এই দাস সিংহ ও ভালুক উভয়কেই মেরে

ফেলেছে; এই বিধর্মী পলেষ্টীয়ও তো ওদের মতোই একজন হবে, কারণ সে জীবন্ত ঈশ্বরের সৈন্যদলকে টিটকিরি দিয়েছে" (১ শমূয়েল ১৭:৩৬)। পলেষ্টীয় লোকটিকে পরাজিত করার বিষয়ে দাউদ নিশ্চিত ছিলেন এবং শৌল দাউদকে বলেছিলেন, "যাও, এবং সদাপ্রভু তোমার সহায় হবেন"।

শৌল দাউদকে তাঁর যুদ্ধাস্ত্রসহ পোষাকটি পরিয়ে দিয়েছিলেন। যেহেতু দাউদ আগে কখনও এই পোষাক পরেননি, সেহেতু তিনি সেই সমস্ত পোষাক খুলে দিয়েছিলেন, তিনি জলস্রোতের কাছে গিয়ে পাঁচটি মসৃণ নুড়িপাথর বেছে নিয়েছিলেন, সেগুলি তিনি তাঁর রাখালদের ব্যবহৃত থলিতে রেখেছিলেন, এবং হাতে নিজের গুলতিটি নিয়ে সেই পলেষ্টীয়, গলিয়াতের কাছে গিয়েছিলেন। অল্প বয়েসী দাউদকে দেখে গলিয়াত তাঁকে অবজ্ঞা করেছিল। গলিয়াত তার দেবতাদের নামে দাউদকে অভিশাপ দিয়েছিল। সে দাউদকে বলেছিল যে সে তার মাংস আকাশের পাখীদের এবং মাঠের পশুদের দেবে। দাউদ বলেছিলেন:

দাউদ সেই পলেষ্টীয়কে বলেছিলেন, তুমি তরোয়াল, বর্শা ও বল্লম নিয়ে আমার বিরুদ্ধে লড়তে এসেছ, কিন্তু আমি ইস্রায়েলের সৈন্যদলের ঈশ্বর সেই সর্বশক্তিমান সদাপ্রভুর নামে তোমার বিরুদ্ধে যুদ্ধ করতে এসেছি, তুমি যাঁর নামে টিটকিরি দিয়েছ। সদাপ্রভু তোমাকে আমার হাতে আজ সমর্পণ করবেন এবং আমি তোমাকে আঘাত করে তোমার মাথা কেটে ফেলব...কারণ এই যুদ্ধ সদাপ্রভুর এবং তিনি তোমাকে আমার হাতে সমর্পণ করে দেবেন" (১৭:৪৫-৪৭)।

দাউদ একটি পাথর নিয়েছিলেন, গুলতি দিয়ে এটি নিক্ষেপ করেছিলেন এবং পাথরটা পলেষ্টীয়ের কপালে আঘাত করেছিল এবং সে উবুর হয়ে মাটিতে পড়ে গিয়েছিল! দাউদ দৌড়ে গিয়ে তার উপর উঠে দাঁড়ালেন, তার তরোয়াল নিয়ে তার মাথা কেটে দিলেন। পলেষ্টীয়রা যখন দেখলো যে তাদের বীরপুরুষ মারা গিয়েছে, তারা সেখান থেকে পালিয়ে গেল! যিহূদার এবং ইস্রায়েলের লোকেরা তাড়া করে পলেষ্টীয়দের সেখান থেকে তাড়িয়ে দিলো। দাউদ গলিয়াতের মাথাটা নিয়ে জেরুশালেমে ফিরে আসলেন।

এটি ছিল ইস্রায়েলীয়দের বিজয় এবং উদ্‌যাপনের দিন। ইস্রায়েলের বিভিন্ন শহরগুলি থেকে মহিলারা বেরিয়ে এসে নাচ এবং গান করছিল। তারা বলেছিল:

শৌল মারলেন হাজার হাজার, আর দাউদ মারলেন অযুত অযুত।

ঈর্ষাবশতঃ শৌল এটি শুনে খুশী হননি। তিনি যত দ্রুত সম্ভব দাউদের এই জনপ্রিয়তা থেকে মুক্তি পাওয়ার সিদ্ধান্ত নিয়েছিলেন! সেই দিন থেকে দাউদ আরও বৃহত্তরভাবে সংবর্ধিত হচ্ছিলেন যা শৌল হজম করতে পারেননি। দাউদ অল্প সংখ্যক কয়েক জন পুরুষকে নিয়ে পালিয়ে গিয়েছিলেন এবং পাহাড়ে এবং গুহায় আত্মগোপন করেছিলেন। দুবার দাউদ শৌলকে হত্যা করার জন্য সুযোগ পেয়েছিলেন। কিন্তু তিনি শৌলের প্রতি কোনও রকম আঘাত করা থেকে নিবৃত্ত হয়েছিলেন। তিনি তাঁর লোকদের বলেছিলেন, "সদাপ্রভু না করুন! আমি যেন প্রভুর — সদাপ্রভুর অভিষিক্ত ব্যক্তির বিরুদ্ধে এরকম কাজ না করি, বা তাঁর উপর হাত না তুলি; কারণ তিনি তো সদাপ্রভুর অভিষিক্ত ব্যক্তি" (১ শমূয়েল ২৪:৬)।

তারপর দাউদ সীফের প্রান্তরে চলে গিয়েছিলেন। শৌলের লোকেরা তাঁর পশ্চাতে ধাবিত হয়েছিল। দাউদ শৌলের অনেক কাছে এসেছিলেন। কিন্তু দাউদ তাঁর লোকদের বলেছিলেন,তারা যেন সদাপ্রভুর অভিষিক্ত ব্যক্তির কোনও অনিষ্ট না করে! ইতিমধ্যে শমূয়েল মৃত্যুবরণ করেছিলেন এবং রামায় তাঁর বাড়ীতে সমাধিস্থ হয়েছিলেন।

শৌলের খারাপ দিন শুরু হয়ে গিয়েছিল যেহেতু তারা শূনেমে তাঁর বিরুদ্ধে এসেছিল। শৌল তাঁর ভবিষ্যৎ জানতে চেয়েছিলেন এবং তিনি একজন প্রেতমাধ্যম মহিলার কাছে এসেছিলেন। যুদ্ধ শুরু হয়েছিল এবং যুদ্ধে শৌল এবং তাঁর পুত্ররা মারা গিয়েছিল। দাউদ তখন সিক্লগে ছিলেন।

তারপর দাউদ পরামর্শের জন্য সদাপ্রভুর অন্বেষণ করেছিলেন: "আমি কি যিহূদার কোনও একটা শহরে যাবো?" সদাপ্রভু তাঁকে হিব্রোণ অবধি যেতে বলেছিলেন। হিব্রোণে যিহূদার লোকেরা এসেছিল এবং দাউদকে যিহূদার রাজারূপে অভিষিক্ত করেছিল! সেই সময় দাউদের বয়েস ছিল ৩০ বছর। অনেক প্রচেষ্টার পর ইস্রায়েলের লোকেরাও দাউদের সঙ্গে মিলিত হয়েছিল এবং একটি নিয়ম করেছিল। তারা দাউদকে সমগ্র ইস্রায়েলের রাজা হিসাবে গ্রহণ করেছিল। দাউদ ৪০ বছর ইস্রায়েল জাতিকে শাসন করেছিলেন! দাউদ এবং তাঁর লোকেরা জেরুশালেমের বিরুদ্ধে যুদ্ধ করেছিলেন, এটি তাঁরা দখল করেছিলেন এবং সমগ্র ইস্রায়েলের রাজধানী করেছিলেন।

বাস্তবিক দাউদ ছিলেন সমগ্র ইস্রায়েলের রাজা হওয়ার বিষয় সদাপ্রভুর স্বাভাবিক মনোনয়ন। সদাপ্রভু শৌলকে মনোনীত করার বিষয়টি অনুমোদন করেছিলেন তাদের নাছোড়বান্দা হয়ে অনুরোধ করার কারণে। এটি ঈশ্বরের ইচ্ছা ছিল না।

## রাজা দাউদের নৈতিক উৎকর্ষতা

(১) দাউদ সমস্ত কিছুতে ঈশ্বরের প্রশংসা করতেন। তিনি ঈশ্বরের গৌরবের জন্য ৭৩টির অধিক গীত রচনা করেছিলেন।

(২) এমনকি তাঁকে যখন অমালেকের দ্বারা পলেষ্টীয় দেশে বাস করার অনুমতি দেওয়া হয়নি, তখনও দাউদ সদাপ্রভুর প্রশংসা করেছিলেন, "আমি সর্বদা সদাপ্রভুর ধন্যবাদ করব; তাঁর প্রশংসা সর্বদা আমার মুখে থাকবে (গীত ৩৪:১)।

(৩) তাঁকে রাজা করার জন্য তিনি সদাপ্রভুর প্রতি কৃতজ্ঞ ছিলেন। "মেষের পরিচর্যা থেকে তিনি তাকে নিয়ে এলেন আর যাকোবের গোষ্ঠীর লোকেদের এবং আপন অধিকার ইস্রায়েলের উপর তাকে পালক করলেন। এবং হৃদয়ের সততায় দাউদ পালকরূপে তাদের যত্ন নিলেন; এবং দক্ষ হাতের সাহায্যে তাদের পরিচালনা করলেন (গীত ৭৮:৭১,৭২)।

(৪) সদাপ্রভু বলেছিলেন যে দাউদ ছিলেন তাঁর 'মনের মতো মানুষ, আমি যা চাই, সে আমার জন্য তাই করবে' (প্রেরিত ১৩:২২)।

(৫) দাউদ প্রায় সমস্ত প্রতিবেশী দেশগুলিকে পরাজিত করেছিলেন এবং তাদের অর্থ ব্যয় করতে বাধ্য করেছিলেন। যুদ্ধে যাওয়ার আগে তিনি কখনও সদাপ্রভুর সঙ্গে পরামর্শ করতে ভোলেননি। সদাপ্রভু তাঁর হয়ে যুদ্ধ করতেন।

(৬) কিশোর অবস্থায় তিনি তাঁর মেষদের হত্যা করতে আসা সিংহ এবং ভল্লুককে নিজের হাতে ছিঁড়ে দিয়েছিলেন। তিনি তাঁর নিজের প্রাণের পরোয়া করেননি। যীশু বলেছিলেন, "আমি উত্তম মেষপালক। উত্তম মেষপালক তার মেষদের জন্য নিজের প্রাণ দেয়"। তাঁর এই মনোভাব দাউদকে রাজা করার জন্য সদাপ্রভুকে উৎসাহিত করেছিল।

(৭) তিনি তাঁর অধীনস্থ প্রজাদের উত্তমভাবে শাসন করেছিলেন এবং তিনি ইস্রায়েলের সব সময়ের জন্য সব থেকে উত্তম রাজা ছিলেন। তাঁর সময়ে

লোকেরা অত্যন্ত সুখী ছিল!

(৮) সদাপ্রভু দাউদের কাছে প্রতিজ্ঞা করেছিলেন যে তাঁর মৃত্যুর পর,সদাপ্রভু তাঁর বংশকে অধিষ্ঠিত করবেন, যে তাঁর বংশে জন্মগ্রহণ করবে এবং সদাপ্রভু তাঁর রাজ্য প্রতিষ্ঠিত করবেন। তিনি সদাপ্রভু নামে একটি গৃহ নির্মাণ করবেন এবং সদাপ্রভু চিরকালের জন্য তাঁর রাজ্যের সিংহাসন প্রতিষ্ঠিত করবেন।

৯) তথাপি, দাউদ নির্দোষ ছিলেন না। তিনি তাঁর রাজপ্রাসাদের নিকটে বসবাসকারী এক হিত্তিয় বিবাহিত মহিলা, বৎশেবার বিরুদ্ধে জঘন্য অপরাধে লিপ্ত হয়েছিলেন। তাঁর স্বামী যুদ্ধে গিয়েছিলেন। দাউদ যখন তাঁর প্রাসাদের ছাদে বেড়াচ্ছিলেন,তিনি একটি মহিলাকে স্নান করতে দেখেছিলেন। সেই মহিলার উপর তাঁর দৃষ্টি পড়েছিল। তিনি ঐ মহিলাকে তাঁর প্রাসাদে আনার জন্য লোক পাঠিয়েছিলেন। তিনি তাঁর সঙ্গে শয্যাগ্রহণ করেছিলেন এবং তাঁকে ফেরৎ পাঠিয়েছিলেন। তিনি যখন বুঝতে পেরেছিলেন যে সেই মহিলা গর্ভবতী হয়েছেন, তখন দাউদ অস্থির হয়েছিলেন এবং তাঁর স্বামীর হাত থেকে নিষ্কৃতি পেতে চেয়েছিলেন। তিনি এটি চতুরতার সঙ্গে করতে চেয়েছিলেন। নাথন ভাববাদী রাজার কাছে বিষয়টি উত্থাপন করেছিলেন। দাউদ তাঁর অপরাধ স্বীকার করেছিলেন, ক্রন্দন করেছিলেন এবং শোক প্রকাশ করেছিলেন। কিন্তু ঈশ্বরের মনের মত মানুষ হলেও দাউদকে ঈশ্বরের কাছে শাস্তি লাভ করতে হয়েছিল। তাঁর শাস্তি ছিল মারাত্মক। দাউদ তাঁর পাপ স্বীকার করেছিলেন এবং সদাপ্রভুর কাছে ক্ষমা চেয়েছিলেন। সদাপ্রভু তাঁর অপরিমেয় অনুগ্রহে তাঁকে ক্ষমা করেছিলেন।

রাজা দাউদ সমস্ত মানদণ্ডেই ইস্রায়েলের সব থেকে বড় রাজা ছিলেন। তাঁর প্রচণ্ড ব্যস্ততার মধ্যেও, তিনি সদাপ্রভুর সঙ্গে চলেছিলেন। তিনি রাজা হওয়ার সঙ্গে সঙ্গে যাজকও ছিলেন, যদিও অল্প কিছু সময়ের জন্য যখন সদাপ্রভুর নিয়ম সিন্দুক জেরুশালেমে স্থানান্তরিত করা হয়েছিল, দাউদ যীশু খ্রীষ্টের বংশাবলিতে একটি মহিমান্বিত স্থান পেয়েছিলেন।

## যীশু খ্রীষ্ট

যীশু খ্রীষ্ট হচ্ছেন ঈশ্বর। তিনি ত্রিত্বের একজন সদস্য, ঈশ্বর পুত্ররূপে অভিহিত হয়েছিলেন। তিনি মশীহ যিনি রাজাদের রাজা এবং প্রভুদের প্রভু। তিনি রাজা এবং মহাযাজক উভয়ই। তিনি জগতের পাপের জন্য একটি বলিদানের মেষশাবক হিসাবে এই জগতে এসেছিলেন। পরে তিনি মল্কীষেদকের সমস্ত গুণাবলী নিয়ে রাজা এবং মহাযাজক হিসাবে আসবেন। তিনি মল্কীষেদকের থেকেও অধিক, যাঁর কোনও শুরু এবং শেষ নেই। পুনরুত্থিত যীশু এখন ঈশ্বরের দক্ষিণ পাশে উপবিষ্ট (গীত ১১০:১)।

## যীশুকে সমস্ত ক্ষমতা দত্ত হয়েছে

পিতা যীশুকে জগতের বিচার করার ক্ষমতা দিয়েছিলেন ( যোহন ৫:২২)। যীশু জানতেন যে পিতা তাঁর হাতে সমস্ত কিছু দিয়েছিলেন, যেহেতু তিনি ঈশ্বরের কাছ থেকে এসেছিলেন এবং ঈশ্বরের কাছে যাচ্ছিলেন। তিনি শিষ্যদের পা ধুইয়ে দিয়েছিলেন, এইভাবে তিনি নিজেকে নতনম্র করেছিলেন (যোহন ১৩:৩-৫)। পুনরুত্থিত যীশু তাঁর শিষ্যদের কাছে ঘোষণা করেছিলেন যে, "স্বর্গে এবং পৃথিবীতে সমস্ত কর্তৃত্ব আমাকে দেওয়া হয়েছে। অতএব, তোমরা যাও ও সমস্ত জাতি থেকে শিষ্য তৈরী করো, পিতার ও পুত্রের ও পবিত্র আত্মার নামে তাদের বাপ্তিস্ম দাও" (মথি ১৮:১৯)।

## যীশু আবার আসবেন

হেবলের পর থেকে বাপ্তিস্মদাতা যোহন পর্যন্ত সকলে এখন পরমদেশে বিশ্রাম করছেন। সুতরাং নতুন নিয়মের দিনগুলিতে যারা মারা গিয়েছেন,তারাও পরমদেশে বিশ্রাম করছেন। বাইবেলে বলা হয়েছে, "কারণ প্রভু স্বয়ং উচ্চধ্বনির সঙ্গে, প্রধান স্বর্গদূতের উচ্চরব এবং ঐশ্বরিক তূরীধ্বনির আহ্বানের সঙ্গে স্বর্গ থেকে অবতরণ করবেন এবং খ্রীষ্টে যারা মৃত্যুবরণ করেছে, প্রথমে তারা উত্থাপিত হবে। এরপর, আমরা যারা জীবিত আছি, যারা অবশিষ্ট থাকব, আমরা প্রভুর সঙ্গে অন্তরীক্ষে মিলিত হওয়ার জন্য তাদের সঙ্গে মেঘযোগে উন্নীত হব" (১ থিষলনীকীয় ৪:১৬-১৭)! পুনরুত্থানের পর, প্রভু যীশু আমাদের স্বর্গে নিয়ে যাবেন!

তিনি কবে আসবেন সেই সময় কেউ জানে না। কেবল পিতা জানেন। অনেকের মতে খ্রীষ্টারীর উত্থানের পর প্রভু যীশুর আগমন হবে। কিছু সংখ্যক ব্যক্তি সাক্ষ্যপ্রমাণ হিসাবে ২ থিষলনীকীয় ২:৩ পদটি উল্লেখ করেন এবং বলেন "কারণ বিদ্রোহ না ঘটা এবং চরম বিনাশের জন্য নির্ধারিত ধর্মভ্রষ্ট পুরুষের প্রকাশ না হওয়া পর্যন্ত সেদিনের আবির্ভাব হবে না"। যাইহোক, ধার্মিক মৃতদের এবং যারা খ্রীষ্টে মৃত্যুবরণ করেছেন এবং জীবন যাপন করছেন তাদের গ্রহণ করতে যীশু আসবেন। এটি একটি মহা সমাবেশের ঘটনা হবে। এটি জগতের সৃষ্টির সময় থেকে সদাপ্রভুর ফল অর্থাৎ আদমের সময় থেকে প্রভুর আগমনের ৬০০০ এর অধিক সময় পর্যন্ত।

ঈশ্বরের রাজ্যের জন্য, প্রভু যীশু আরেকটি দলের দিকে নজর রাখছেন। এটি ১২০০০ সদস্যযুক্ত ১২টি গোষ্ঠীর ১.৪৪ লক্ষ লোক নিয়ে গঠিত - যাদের প্রত্যেকের কপাল দূতদের দ্বারা মুদ্রাঙ্কিত (প্রকাশিত বাক্য ৭:১-৮)। এই তালিকায়, দান গোষ্ঠীর নাম নেই যেহেতু তারা ব্যাপকভাবে প্রতিমার আরাধনায় লিপ্ত হয়েছিল। (আদি ৪৯:১৭, বিচারকর্তৃগণ ১৮:৩০, ১ রাজা ১২:২৮,২৯)। যাইহোক মোট সংখ্যা ১২ আছে, যেহেতু মনশির গোষ্ঠীকে এর মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে। সদাপ্রভু ইস্রায়েলের গোষ্ঠীগুলির এই ১.৪৪ সংখ্যক লোকদের সঙ্গে বিশেষ ব্যবহার করবেন এবং তাদেরকে সহস্র বছরের শাসনের সময় বহু সংখ্যায় বৃদ্ধি হতে দেবেন। নোহের আটজনের পরিবারকে তাঁর সময় থেকে আজকের দিন পর্যন্ত ৪০০০ বছরে (২০০১ + ২০০০), তিনি ৭০০ কোটির অধিক সংখ্যায় বৃদ্ধি লাভ করতে দিয়েছেন। সুতরাং এই ১.৪৪ লক্ষ লোক এই ১০০০ বছরে ৭০০ কোটির অধিক সংখ্যায় বৃদ্ধি পাবে যেখানে রাজাদের রাজা এবং প্রভুদের প্রভু রাজত্ব করবেন। সহস্র বছরের রাজত্বের সময় , যারা ইতিমধ্যেই নির্বাচিত হয়েছেন, তারা স্বর্গদূতদের মতো নীরব পর্যবেক্ষক হয়ে থাকবে। সুতরাং, ঈশ্বরের রাজ্যের জন্য, ইতিমধ্যেই নির্বাচিত লোকেরা এবং ১.৪৪ লক্ষ ভাবী নির্বাচিত লোকেরা একত্রে এক বিপুল সমাবেশ তৈরী করবে! ঈশ্বর পিতা এবং ঈশ্বর পুত্র এই মহা সমাবেশ দেখে আনন্দিত হবেন!

সুতরাং, সমস্ত মানদণ্ড থেকে যীশু খ্রীষ্ট, রাজা এবং মহাযাজক মল্কীষেদকের থেকে অধিক ভালোবাসা এবং সম্মান উপভোগ করবেন। প্রভু আমাদের তাঁর অপূর্ব দেশে, ঈশ্বরের রাজ্যে (মৃত্যুর পরবর্তী জীবনে) গ্রহণ করুন।

*************



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

**(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)**

**"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)**

## আমার পটভূমি

আমাদের মাসিক পত্রিকা, তাঁর আহ্বানের প্রতিধ্বনিতে,আমরা ঈশ্বরের প্রচুর অনুগ্রহে, 'পাতাল থেকে রাজপ্রাসাদে' শীর্ষক রচনাটি বহু বছর ধরে প্রকাশ করে আসছি। সেখানে ঈশ্বর কি কি ভাবে আমাকে পরিচালিত করেছেন সেই বিষয়টি আমি লিখেছি। এছাড়াও ঈশ্বর যেভাবে আমাকে পরিচালিত করেছেন এবং আমার জীবনের শুরু থেকে আমাকে যেভাবে উচ্চে তুলে ধরেছেন সেই সমস্ত বিষয়গুলিও পুনর্বিন্যস্ত করে একটি বই লেখার জন্য পবিত্র আত্মার দ্বারা আমি অনুপ্রাণিত হয়েছিলাম। আমি যখন অসুস্থ ছিলাম তখন আমি ঈশ্বরের কাছে যে সমস্ত শপথগুলি করেছিলাম এবং অন্যান্যভাবেও আমি যেভাবে অনুপ্রাণিত হয়েছিলাম এবং আমার কিছু পাঠকদের দৃঢ় ইচ্ছার দ্বারাও আমি এই বইটি লিখতে শুরু করেছিলাম। অনেক বছর যাবৎ আমার এই কাজটি বিলম্বিত হয়েছিল। অপ্রত্যাশিতভাবে ২০২১ সালের ৫ই ডিসেম্বর, রবিবারের সন্ধ্যায় 'বন্ধুদের রবিবার" নামে আমাদের একটি অনুষ্ঠান ছিল, সেই দিন আমার পুত্র পাস্টর অ্যালেক্স স্যামসনের জন্মদিন উদ্‌যাপিত হয়েছিল। সেই অনুষ্ঠানে অংশগ্রহণ করার পর আমি রাত ১২টার সময় ঘুমাতে গিয়েছিলাম। পবিত্র আত্মা আমার অনুভূতিগুলির সঙ্গে কাজ করছিলেন এবং প্রায় ৩ ঘণ্টা যাবৎ আমি স্বপ্ন দেখেছিলাম।

ঠিক ভোর ৩টের সময়, যীশু খ্রীষ্ট আমাকে জাগিয়ে দিয়েছিলেন এবং এই কাজটি করতে শুরু করিয়েছিলেন। প্রভু আমার আত্মিক চোখের সামনে নিম্নলিখিত পদটি এনেছিলেন:

"আমি যখন তাকে ডেকেছিলাম, সে মাত্র একজন ছিল, আমি তাকে আশীর্বাদ করে বহুসংখ্যক করেছি" - যিশাইয় ৫১:২

তারপর তিনি আমাকে বাইবেল, একটি খাতা এবং একটি কলম নিতে বাধ্য করেছিলেন। আমি জানুপাত করেছিলাম এবং বলেছিলাম, "প্রিয় পিতা! আমি তোমার বাধ্য হচ্ছি এবং আমার প্রকৃত আত্মজীবনী লেখার জন্য নিজেকে তোমার কাছে সমর্পণ করছি। এই বইটি লেখা শেষ হওয়া পর্যন্ত এবং অসংখ্য ভাষায় প্রকাশ হওয়া পর্যন্ত তুমি তোমার অনুগ্রহে আমাকে সুরক্ষা করো"। প্রভু আমাকে এই কাজটি শুরু করার জন্য বিশ্বাস দিয়েছিলেন।

আমার শৈশবের কোনও ছবি আমার কাছে নেই। সুতরাং, প্রভু আমাকে আমার অফিসের অ্যাসিস্টাণ্ট সিস্টার ডেইজী রাণীকে আমার স্কেচ্‌গুলি তৈরী করার বিষয় বলতে প্রভু আমাকে অনুপ্রাণিত করেছিলেন। তিনিও এই ধরণের স্কেচ্‌গুলি তৈরী করতে এগিয়ে এসেছিলেন।

এই পরিস্থিতিতে আমি এই বইটি লিখতে শুরু করেছিলাম।

## আমার শৈশব

আমার মা রোজেলেট ভারতের একেবারে দক্ষিণ প্রান্ত, কন্যাকুমারী জেলার নেলোরের নেল্লারাইক্কোনাম থেকে এসেছিলেন। আমার প্রপিতামহ, মিস্টার মার্থান্দন হিন্দু ধর্মের গভীর ভক্ত ছিলেন। তাঁর পুত্র, যিনি আমার ঠাকুর্দা, মিস্টার নারায়ানানও ছিলেন গভীরভাবে হিন্দু ধর্মের ভক্ত। অনেক দিন অতিবাহিত হওয়ার পর, তাঁরা দক্ষিণ ভারতের চার্চের পরিচর্যা কাজের মাধ্যমে খ্রীষ্টিয়ান হয়েছিলেন। আমার ঠাকুর্দার পরিবর্তিত নাম হয়েছিল নাথানিয়েল। তিনি দক্ষিণ ভারতের উদায়ার ভিলাই কোলাশেল নামক স্থানের 'গনানাপ্পু' নামের একটি মেয়েকে বিবাহ করেছিলেন। তাদের প্রথম কন্যা রোজেলেট ছিলেন আমার মা।

আমার পিতার নাম মিস্টার সেলভাদাস এবং তাঁর পিতা (আমার ঠাকুর্দা), মিস্টার শমুয়েল ছিলেন দক্ষিণ ভারতের, নেয়ুরের নেল্লারাইকোন্নাম মণ্ডলীর সদস্য। আমার পিতার মা ছিলেন মিসেস মুথাম্মাল যিনি পাল্লিয়াড়ী থেকে এসেছিলেন এবং একজন বিশ্বাসী ছিলেন। আমার ঠাকুর্দা দক্ষিণ ভারতের নেয়ূর চার্চের বিখ্যাত হাসপাতালের কম্পাউণ্ডার ছিলেন। যাঁর ইউরোপের অধিবাসী ডঃ সামারভেলের অধীনে কাজ করার সুযোগ হয়েছিল।

**Echo of His Call Postal Courses**

**1. BIBLECOR**

We offer Postal Course on Basic Truths of The Bible to new Christians and non-Christians in English – 57 pages, Hindi – 76 pages & Tamil – 96 pages. You will get a course book entitled **New Life – For You!** **After the completion of this course, you will get a certificate. There will be no compulsory fees. You will be blessed!**

**2. THEOLOGICAL CORRESPONDENCE COURSE**

Advanced Distance Education called **Theological Correspondence Course** is available in English – 537 pages and Tamil – 652 pages for Pastors, Evangelists, Christian Leaders and for lay people who have passion to do God's Ministry! A fee of Rs. 1000/- is charged. 7 Books with 149 Chapters are supplied. **Certificate in Ministry** will be awarded. **God will bless you!**

*For more details, write to us.*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23

এই ডাক্তার পৃথিবীর উচ্চতম পর্বতশৃঙ্গ এভারেস্টে আরোহন করার একটি রেকর্ড করেছিলেন। আমার ঠাকুর্দা তাঁর এই মেডিকাল পরিষেবাটিকে ঈশ্বরের পরিচর্যারূপে বিবেচনা করেছিলেন এবং তাঁর সন্তানদের কাছে এবং চার্চের কাছে একটি দৃষ্টান্তরূপে জীবন যাপন করেছিলেন। আমার ঠাকুর্দা এবং ঠাকুমা আমার জীবনে একটি দৃঢ় আত্মিক ভিত্তি তৈরী করেছিলেন।

(চলবে)

************

## OUR BANK DETAILS:

***1. Bank : State Bank of India***

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **S. Sam Selva Raj** |
| A/C No. | : | **1023 2934 679** |
| IFSC | : | **SBIN 00 00 249** |
| SWIFT CODE | : | **SBI NIN BB 455** |

***2. Bank : ICICI Bank***

| | | |
|---|---|---|
| Branch | : | **Anna Salai, Chennai-6** |
| Name | : | **Echo of His Call** |
| A/C No. | : | **6038 0502 2319** |
| IFSC | : | **ICIC 000 6038** |

***3. Bank : State Bank of India***

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : | **1023 2923 805** |
| IFSC | : | **SBIN 00 00 249** |

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

**ECHO OF HIS CALL**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852, 95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
**Postal Regn. No. TN/CH/(C)/205/21-23**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS / 1 Patrika Channel"**
**on 14th** FEBRUARY 2022
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
P.O. Box No. 2957,
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

***JESUS LOVES YOU!***

**To**

Our address :

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by him at **Echo of His Call Printers**, New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**